# মীরপুর গার্লস আইডিয়াল কলেজ

## বাংলা বিভাগ

### বিএ (সম্মান)

**'মীরপুর গার্লস আইডিয়াল কলেজ'**-এর সম্মান শ্রেণিতে বাংলা বিভাগের যাত্রা শুরু হয় ২০১১ সালে। শুরু থেকেই এই বিভাগের শিক্ষার্থীরা প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি সাংস্কৃতিক কর্মকাণ্ডে বিশেষ কৃতিত্বের স্বাক্ষর রেখে চলেছে। শতভাগ উত্তীর্ণের পাশাপাশি গড়ে ৫০-৬০% শিক্ষার্থী প্রথম শ্রেণি অর্জন করেছে বিগত বছরগুলোতে। অনার্স ভবনের নীচতলায় মনোরম নিরিবিলি পরিবেশে অবস্থিত বাংলা বিভাগে রয়েছে সহস্রাধিক সহায়ক গ্রন্থ সমৃদ্ধ নান্দনিক সেমিনার কক্ষ। সৃজনশীল, শিল্পবোধ ও মানবিক গুণসম্পন্ন মানুষ গড়ে তোলার লক্ষে সাত জন দক্ষ শিক্ষক, প্রশাসন ও পরিচালনা পর্ষদের আন্তরিক প্রচেষ্টা ইতোমধ্যে সকলের নজর কেড়েছে। অদূর ভবিষ্যতে বাংলা ভাষা ও সাহিত্য এবং বাঙালি সংস্কৃতির ইতিহাসকে সমৃদ্ধ করতে মীরপুর গার্লস আইডিয়াল কলেজের বাংলা বিভাগের চেষ্টা থাকবে নিরন্তর।

## ইংরেজি বিভাগ

বৃহত্তর মিরপুরে অবস্থিত জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মীরপুর গার্লস আইডিয়াল কলেজ নারীর উচ্চশিক্ষা বিস্তারে ১৯৯৮-১৯৯৯ শিক্ষাবর্ষ থেকে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। অত্র প্রতিষ্ঠানটি মিরপুর ১০ নম্বর গোলচত্বরের একদম নিকটে, সবুজে ঘেরা মনোরম ও প্রশস্ত ক্যাম্পাসে অবস্থিত। শ্রদ্ধেয় শিক্ষকবৃন্দ, সুসজ্জিত অবকাঠামো এবং উন্নত শিক্ষার পরিবেশ এই কলেজটিকে করেছে অনন্য। কলেজের সম্মান শ্রেণির ইংরেজি বিভাগ অনার্স ভবনের ষষ্ঠ তলায়, আলোকোজ্জ্বল ও বাতাস চলাচলসম্মত, শান্তিপূর্ণ পরিবেশে অবস্থিত। এখানে রয়েছে প্রশস্ত করিডর, শ্রেণিকক্ষ, শিক্ষক কমনরুম, সমসাময়িক বইয়ে সমৃদ্ধ একটি মানসম্পন্ন গ্রন্থাগার এবং নান্দনিকভাবে সাজানো একটি সেমিনার কক্ষ। প্রতিষ্ঠার পর থেকে এখন পর্যন্ত বিভাগটি সফলভাবে ২৮টি ব্যাচ সম্পন্ন করেছে। বর্তমানে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত আসন সংখ্যা ৬৫, এবং বিভাগে প্রায় ৩০০ শিক্ষার্থী অধ্যয়নরত। এই বিভাগ পরিচালনায় আছেন ৮ জন দক্ষ, যোগ্য ও নিবেদিতপ্রাণ অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী। যাঁদের আন্তরিক প্রচেষ্টা ও মমত্বপূর্ণ দিকনির্দেশনায় শিক্ষার্থীরা এগিয়ে চলছে কাঙ্ক্ষিত সাফল্যের পথে।

## হিসাববিজ্ঞান বিভাগ

### বিবিএ (সম্মান)

২০১০ সাল থেকে যুগের সঙ্গে তাল মিলিয়ে অত্র কলেজে হিসাব বিজ্ঞান বিষয়ে সম্মান কোর্স চালু হয়। অনার্স চালু হয় ২০১০ সালে। সেশন: ২০০৯-২০১০

১ম ব্যাচ বের হয় ২০১৩ সালে। মোট ব্যাচ বের হয়েছে: ১১ টি। পরীক্ষা চলমান: ০১ টি

সেমিনার: ১ টি, মোট বই এর সংখ্যা প্রায় ২০০০টি।

পাশের হার: প্রায় শতভাগ, গড় হারে প্রথম ক্লাস প্রাপ্তির হার ৫০% / ৬০%

আসন সংখ্যা- ৫০টি। বর্তমান ছাত্রী সংখ্যা-১২০ টি। শিক্ষক সংখ্যা-৭

## ব্যবস্থাপনা বিভাগ

বাংলাদেশে নারী শিক্ষা প্রসারের মহৎ উদ্দেশ্যকে সামনে রেখে মিরপুর গার্লস আইডিয়াল কলেজে অনার্স কোর্স হিসেবে ব্যবস্থাপনা বিভাগের যাত্রা শুরু হয় ২০১০ সালে। ২০১০-১১ শিক্ষাবর্ষে ৩৩ জন ছাত্রী ও ৪ জন শিক্ষকের সমন্বয়ে বিভাগের কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু হয়। এখন পর্যন্ত সর্বমোট ৯টি ব্যাচ সফলভাবে অনার্স কোর্স সম্পন্ন করেছে। বর্তমানে ৬টি সেশনে মোট ১২০ জন ছাত্রী অধ্যয়নরত রয়েছে। শিক্ষার উপযোগী সুশৃঙ্খল ও মনোরম পরিবেশে গড়ে ওঠা এ কলেজে ছাত্রীদের পাঠদানের জন্য রয়েছে সমৃদ্ধ রেফারেন্স গ্রন্থসম্বলিত একটি সেমিনার। বিভাগে রয়েছেন ৫ জন অভিজ্ঞ শিক্ষক।

## মার্কেটিং বিভাগ

২০১১ সালে প্রথম অনার্স কোর্স চালু হয়। ২০১৪ সালে প্রথম অনার্সের চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়। এ পর্যন্ত ১৪টি ব্যাচ ভর্তি হয়েছে তন্মধ্যে ১০টি ব্যাচের চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে। এ পর্যন্ত প্রায় ২৫০ জন ছাত্রী অত্র কলেজ থেকে চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। বিভাগে বর্তমান ছাত্রী সংখ্যা-৭২ জন। শিক্ষক সংখ্যা-৪।
সেমিনারে বইয়ের সংখ্যা-১৫০০।

## সমাজকর্ম বিভাগ

১৯৯৮ সালে মাত্র ২০ জন শিক্ষার্থী ও ২ জন শিক্ষকের সমন্বয়ে একটি ছোট পরিসরে যাত্রা শুরু করেছিল সমাজকর্ম বিভাগ।

বর্তমানে শিক্ষার্থী সংখ্যা ২০০ জন। বিভাগে রয়েছে পরিবেশবান্ধব ক্লাসরুম, স্বাস্থ্যসম্মত ওয়াশরুমসহ সুবিশাল সেমিনার কক্ষ। সেমিনারে শিক্ষার্থীদের জ্ঞান ও মেধাকে সমৃদ্ধ করতে রয়েছে প্রায় ১০০০ গ্রন্থের সমাহার। ২৮টি ব্যাচ সাফল্যের সাথে বিভাগ থেকে উত্তীর্ণ হয়েছে।

শিক্ষার মান উন্নয়নে সমাজকর্ম বিভাগে রয়েছে ৫ জন সুদক্ষ শিক্ষক। তাদের নিষ্ঠা, আন্তরিকতা ও শিক্ষার্থীর সাথে বন্ধুত্বসুলভ আচরণ শিক্ষার মান উন্নয়নে ভূমিকা রেখে চলেছে। বিভাগ থেকে প্রতি বছর অত্যন্ত সন্তোষজনক ফলাফল নিয়ে ছাত্রীরা শিক্ষাবর্ষ শেষ করছে।